

পয়লা ফেব্রুয়ারি বই দিবস পালন করবে বুক ক্লাব

যুগান্তর রিপোর্ট

অন্য সব বছরের মতো এবারও আগামী ১ ফেব্রুয়ারি, বই দিবস পালন করবে বাংলাদেশ বুক ক্লাব। এদিন সকাল ১০টায় বই : পৃষ্ঠা : ২ কলাম : ৪

বই : দিবস

(পঞ্চ পড়ার পর)

কেন্দ্রীয় শ্রীদ মিনারে & শিও-কিশোর শিকারী ও বই প্রেমিকদের সমাবেশ অনুষ্ঠিত হবে। এরপর জাতীয় প্রেস ক্লাব পর্যন্ত পদযাত্রা কর্মসূচি পালন করা হবে। এছাড়াও উন্মোচন করা হবে কবি সালেম সুলেমানের পাঁচটি কাব্যগ্রন্থের সংকলন 'কবিতা হাতের পাঁচ'-এর মোড়ক। এসব কর্মসূচিতে আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিশেষ অতিথি থাকবেন ভাষা সৈনিক আবদুল মতিন এবং দৈনিক যুগান্তর সম্পাদক গোলাম সারওয়ার।

গতকাল নগরীর মেহেরবা প্রাণার নিউজ ব্যাংক হলরুমে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বুক ক্লাবের মহাসচিব মশিউর রহমান এসব কর্মসূচি ঘোষণা করে বলেন, 'সম্রাস রুখো, বই পড়ো' এই মর্মবাক্যকে সামনে রেখে এবারের বই দিবস পালন করা হবে। আর বই পড়ার আন্দোলনে বিশেষ অবদান রাখায় সোনার বই পদক দেয়া হবে দক্ষিণাঞ্চলের গ্রামীণ জনপদে শিক্ষার আলো ছাড়াতে নিবেদিত সমাজকর্মী এস সয়ফুদ্দিন আহমেদ সাহুকে।

সাংবাদিক সম্মেলনে পাঁচ দফা দাবি উত্থাপন করে তা মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়েছে। দাবিগুলো হচ্ছে- প্রতি বছর পয়লা ফেব্রুয়ারি জাতীয় বই দিবস পালন, প্রতি ইউনিয়নে অন্তত একটি সরকারি গ্রন্থাগার প্রতিষ্ঠা, সরকারি-বেসরকারি সব বিদ্যালয়ে গ্রন্থাগার-পাঠাগার প্রতিষ্ঠা, দেশের ও অন্য দেশের বইয়ের চোরাই মূহুর্তন দমন করার পাশাপাশি প্রকাশনা ছগাড়ের দস্যূপনা বিনাশকরণ এবং লেখকের সম্মানী সম্মানজনক মাত্রায় বাড়ানোসহ গ্রন্থবন্ধু আইনের সৃষ্টি প্রয়োগ নিশ্চিতকরণ।